অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/4/2022 **গভর্নর ক্যাথি হোকল**

স্টেটব্যাপী শীতকালীন ঝড়ের প্রভাব এবং স্টেট সংস্থাগুলোর সাড়াদান সম্পর্কে নিউ ইয়র্কবাসীকে গভর্নর হোকলের আপডেট প্রদান

শীতকালীন আবহাওয়ার ফলে স্টেটের অধিকাংশ এলাকা ভারী তুষারপাত, শিলাবৃষ্টি এবং বৃষ্টির পানি জমে যাওয়া দ্বারা প্রভাবিত হচ্ছে; 52,004 জন গ্রাহক বিদ্যুৎবিহীন অবস্থায় রয়েছেন

স্টেট হাইওয়েগুলোতে ভ্রমণ সংক্রান্ত পরামর্শ ও বিধিনিষেধ বাস্তবায়ন করা হয়েছে

আপার মিড-হাডসন ও লোয়ার ক্যাপিটাল ডিস্ট্রিক্টের এলাকাগুলোতে রাতভর শিলাবৃষ্টি, বৃষ্টির পানি জমে যাওয়া ও তুষারপাতের কারণে আধা ইঞ্চি পর্যন্ত বরফ জমে গেছে

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, সেন্ট্রাল নিউ ইয়র্ক, মোহাক ভ্যালি, ও নর্থ কান্ট্রির বিভিন্ন জায়গায় এক ফুট বা তার বেশি বরফ জমা হয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ স্টেটের বেশিরভাগ অংশে ভারী তুষারপাত, শিলাবৃষ্টি ও বৃষ্টির পানি জমে যাওয়া ইত্যাদি সহ 52,000 এরও বেশি গ্রাহকের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে দেওয়া শীতকালীন ঝড়ের প্রভাব ও স্টেট সংস্থাগুলোর সাড়াদান সম্পর্কে নিউ ইয়র্কবাসীকে আপডেট জানিয়েছেন। আপার মিড-হাডসন ও লোয়ার ক্যাপিটাল ডিস্ট্রিক্টের এলাকাগুলো আধা ইঞ্চি পর্যন্ত শিলাবৃষ্টি ও বৃষ্টির পানি জমে যাওয়া, এবং তুষারপাতের শিকার হয়েছে। ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, সেন্ট্রাল নিউ ইয়র্ক, মোহাক ভ্যালি, ও নর্থ কান্ট্রিতে এক ফুট বা তার বেশি তুষার জমা হয়েছে এবং আজ বিকাল পর্যন্ত আরো কয়েক ইঞ্চি বরফ জমা হতে পারে বলে পূর্বাভাস পাওয়া গেছে। যদিও ডাউনস্টেটের এলাকাগুলোতে মূলত বৃষ্টি হয়েছে, আজ সকাল থেকে শুরু করে সন্ধ্যায় যাতায়াতের সময় পর্যন্ত বৃষ্টির পানি জমে যাওয়ার বিষয়টি লোয়ার মিড-হাডসন, নিউ ইয়র্ক সিটি, ও লং আইল্যান্ড অঞ্চলকে প্রভাবিত করবে বলে পূর্বাভাস পাওয়া গেছে।

"আজ সকালে নিউ ইয়র্কবাসী এমন এক আবহাওয়ার সম্মুখীন হচ্ছেন যা ইতোমধ্যে প্রচুর তুষারপাত অথবা শিলাবৃষ্টি ও বৃষ্টির পানি জমে যাওয়ার মিশ্রণের ফলে ভ্রমণের জন্য বিপজ্জনক অবস্থা তৈরি করেছে এবং গাছের ডালপালা ভেঙ্গে ফেলেছে ও বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে দিয়েছে," **বলেছেন গভর্নর হোকল।** "আমি নিউ ইয়র্কবাসীদের প্রতি সতর্ক থাকার এবং সব

ধরনের ভ্রমণ থেকে বিরত থাকার জন্য সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি, বিশেষ করে সেসব এলাকায় যেখানে শিলাবৃষ্টি ও বৃষ্টির পানি জমে যাওয়ার ফলে সড়কের অবস্থা অত্যন্ত বিপজ্জনক রূপ ধারণ করেছে। আমরা অবস্থা পর্যবেক্ষণ করতে থাকবো, প্রয়োজন অনুযায়ী সম্পদ মোতায়েন করবো এবং প্রয়োজন হলে স্থানীয় সরকারগুলোকে সহায়তা প্রদান করবো।"

নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police) ও থ্রুওয়ে অথোরিটির (Thruway Authority) সঙ্গে সমন্বয় করে পরিবহন বিভাগ (Department of Transportation) নিম্নলিখিত সকল করিডরে অথবা সেগুলোর কিছু অংশে ঘণ্টায় 45 মাইল বেগে চলাচলের জন্য পরামর্শমূলক গতিসীমা এবং বাণিজ্যিক ট্রাকগুলোর জন্য "শুধু ডান লেন দিয়ে চলাচলের" বিধিনিষেধ বাস্তবায়ন করেছে: কানেক্টিকাট থেকে পেনসিলভেনিয়া স্টেট লাইন পর্যন্ত I-84; বিংহ্যামটনের পূর্ব পাশে রুট 17; I-88; এবং সিরাকিউসের দক্ষিণে I-81। থ্রুওয়ে সিস্টেম সংলগ্ন বহু এলাকায় গতি কমানোর বিধান কার্যকর রয়েছে।

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদের প্রতি বাড়তি সতর্কতা অবলম্বন করতে, ভ্রমণ সীমিত রাখতে, এবং প্রতিবেশী ও বন্ধু-বান্ধবের নিরাপত্তা নিশ্চিত করতে তাদের খোঁজখবর নেওয়ার জন্য সনির্বন্ধ অনুরোধ জানিয়েছেন।

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services)-এর কমিশনার জ্যাকি ব্রে বলেন, "আমরা শিলাবৃষ্টি, বৃষ্টির পানি জমে যাওয়া ও তুষারপাতের মিশ্রণে এমন একটি অবস্থা দেখতে পাচ্ছি যা ভ্রমণের জন্য বিপজ্জনক অবস্থা তৈরি করেছে এবং বিশেষ করে বরফ সরানো কঠিন করে তুলেছে। আজ তুষার ও বরফ সরানোর ক্ষেত্রে নিউ ইয়র্কবাসীদের ঘন ঘন বিরতি দিতে হবে এবং ভ্রমণ করতে চাইলে বাড়তি সতর্কতা অবলম্বন করতে হবে। ধীর গতিতে চলাচল করুন, আপনার গন্তব্যে পৌঁছানোর জন্য বাড়তি সময় হাতে রাখুন, এবং পরিবর্তিত সড়কের অবস্থা এবং সড়কপথ পরিষ্কার করার জন্য কাজ করতে থাকা স্নো প্লাউগুলোর জন্য সতর্ক থাকুন।"

আজ বিকালে স্টেটজুড়ে আবহাওয়ার এই অবস্থা বিদ্যমান থাকবে, এবং রাজধানী অঞ্চলের দক্ষিণ ও পূর্ব পাশের এলাকাগুলোতে শিলাবৃষ্টি ও বৃষ্টির পানি জমে যাওয়ার মিশ্রণ দেখা যাওয়ার পূর্বাভাস রয়েছে। ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, সেন্ট্রাল নিউ ইয়র্ক, নর্থ কান্ট্রি, ও মোহাক ভ্যালির কিছু অংশে কয়েক ইঞ্চি পর্যন্ত তুষার জমা হওয়ার আশংকা রয়েছে। ডাউনস্টেট অঞ্চলগুলোতে আজ বিকেলে বৃষ্টির অবস্থা পরিবর্তিত হয়ে তুষারপাত, শিলাবৃষ্টি ও বৃষ্টির পানি জমে যাওয়ার মিশ্রণে রূপ নেওয়ার আশংকা রয়েছে যা সন্ধ্যার সময় কমে আসবে। বিপজ্জনক, বরফে ঢাকা ভ্রমণের অবস্থা লোয়ার মিড-হাডসন, নিউ ইয়র্ক সিটি ও লং আইল্যান্ডের বেশিরভাগ অংশে আজ রাতে সান্ধ্যকালীন যাতায়াতকে প্রভাবিত করার সম্ভাবনা রয়েছে।

শুক্রবার বিকেলের শেষ নাগাদ স্টেটব্যাপী অব্যাহত থাকা তুষারপাত শেষ হয়ে আসবে, এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক ও নর্থ কান্ট্রিতে আজ সন্ধ্যা পর্যন্ত কিছু লেক ইফেক্ট দেখা যেতে পারে যেখানে লেক এরি ও লেক ওন্টারিও উপকূল সংলগ্ন এলাকায় মাঝে মাঝে ঘণ্টায় 30 মাইল পর্যন্ত গতিবেগের ঝড়ো হাওয়ার ফলে তুষার প্রবাহ দেখা যেতে পারে। এছাড়াও আজ থেকে এই

সপ্তাহের শেষ নাগাদ এসব এলাকায় তীব্র ঠাণ্ডা ও শূন্যের কম তাপমাত্রার শৈত্য প্রবাহ ফিরে আসতে পারে।

স্টেটব্যাপী বিভিন্ন জায়গার জন্য জাতীয় আবহাওয়া পরিষেবা (National Weather Service) কর্তৃক জারি করা আবহাওয়া সতর্কতা ও পর্যবেক্ষণ আজ সন্ধ্যা পর্যন্ত কার্যকর থাকবে। আপনার এলাকার জন্য আবহাওয়া সংক্রান্ত পরামর্শসমূহের পূর্ণাঙ্গ তালিকা পেতে, জাতীয় আবহাওয়া পরিষেবার ওয়েবসাইট দেখুন।

এজেন্সির প্রস্তুতি

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services)

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড এমার্জেন্সি সার্ভিসেসের জরুরি কার্যক্রম পরিচালনা কেন্দ্র সক্রিয় করা হয়েছে এবং এটি নিবিড়ভাবে আবহাওয়া এবং যাতায়াতের অবস্থা পর্যবেক্ষণ করছে, স্টেটের এজেন্সির প্রতিক্রিয়ার কার্যক্রমের সমন্বয়সাধন করছে, এবং এই দুর্যোগের সময় জুড়ে স্থানীয় সরকারগুলির সাথে যোগাযোগ রাখছে। পাম্প, চেইন স, বালির বস্তা জেনারেটর, খাট, কম্বল ও বোতলজাত পানিসহ ঝড়-সংক্রান্ত প্রয়োজনীয় সংস্থান প্রয়োজনে ক্ষতিগ্রস্ত লোকজনের কাছে পৌঁছে দিতে স্টেটের মজুদ প্রস্তুত রয়েছে।

পরিবহন বিভাগ

স্টেটের পরিবহন বিভাগ নিচের সরঞ্জামগুলো সহ সাড়া প্রদান করছে:

- 1,748টি বৃহৎ ও মিডিয়াম ডিউটি প্লাও ট্রাক
- 328টি বৃহৎ লোডার
- 51টি টো প্লাও
- 39টি স্নো ব্লোয়ার
- 23টি প্লাওসহ পিকআপ ট্রাক
- 18টি গ্রেডার

লং আইল্যান্ড থেকে সাতাশজন অন্যান্য অঞ্চলে নিম্নরূপে নিযুক্ত হবে:

- ক্যাপিটাল রিজিওন 7 জন স্নো প্লাও অপারেটর এবং 2 জন সরঞ্জাম অপারেটর নির্দেশক পাবে।
- সেন্ট্রাল NY 8 জন স্নো প্লাও অপারেটর এবং 1 জন সুপারভাইজার পাবে।
- সাউদার্ন টিয়ার 8 জন স্নো প্লাও অপারেটর এবং 1 জন সুপারভাইজার পাবে।

বৃষ্টির পানি জমে যাওয়ার আশংকা করা হচ্ছে এমন এলাকাগুলোতে ছাপ্পান্নটি জেনারেটর মোতায়েন করা হয়েছে এবং যেকোনো অন্ধকার সংকেতের প্রতি সাড়া দেওয়ার জন্য প্রস্তুত রাখা হয়েছে।
DOT-এর গাছপালা সরানোর কার্যক্রমে সহায়তা করার জন্য পরিবেশ সংরক্ষণ ও পার্ক বিভাগ (Department of Environmental Conservation and Parks) থেকে আসা একুশজন করাত কর্মী প্রস্তুত অবস্থায় রয়েছেন।
নিম্নলিখিত স্থানগুলোতে টো সার্ভিস কাজে লাগানো হচ্ছে: US 20 (ম্যাডিসন), I-81 (Onondaga), US 20 (Onondaga), I-390 (স্টয়েবেন), I-86 (চেমুং), I-84 (অরেঞ্জ), I-684 (পুটনাম), I-81 (ব্রুম), I-88 (ব্রুম), NY 17 (ব্রুম), and NY 17 (সালিভ্যান)। পরিস্থিতি যে পথে চলবে তা অনুযায়ী আরো টো সার্ভিসের প্রয়োজন পুনরায় মূল্যায়ন করা হবে।

হালনাগাদকৃত ভ্রমণ সংক্রান্ত তথ্যের জন্য, 511 এ কল করুন, www.511NY.org এ যান অথবা বিনামূল্যের 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

থ্রুওয়ে কর্তৃপক্ষ

থ্রুওয়ে অথরিটি (Thruway Authority) 677 জন অপারেটর ও সুপারভাইজার নিয়ে তুষার ও বরফ সরানোর কাজে সক্রিয়ভাবে সম্পৃক্ত রয়েছে যারা নিম্নলিখিত সরঞ্জামগুলো সহ স্টেটব্যাপী লভ্য রয়েছে:

- 356টি বৃহৎ ও মিডিয়াম ডিউটি প্লাও ট্রাক
- 11টি টো প্লাও
- 68টি লোডার
- 119,000 টনের বেশি লবণ প্রস্তুত

সাড়াদান কাজে সহায়তার জন্য থ্রুওয়ের নিউ ইয়র্ক ডিভিশন থেকে সিরাকিউস ডিভিশনে তিনটি ট্রাককে পুনরায় মোতায়েন করা হয়েছে।

থ্রুওয়েতে মোটরচালকদেরকে শীতকালীন আবহাওয়ার অবস্থা সম্পর্কে সতর্ক করতে বিভিন্ন ধরনের মেসেজ সাইন ও সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

থ্রুওয়ে কর্তৃপক্ষ তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে গাড়িচালকদেরকে উৎসাহিত করে যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসের জন্য বিনামূল্যে পাওয়া যায়। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্রাফিক ও দিক-নির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে। এছাড়াও গাড়ি চালকরা ট্রান্সঅ্যালার্ট (TRANSalert) ই-মেইলের জন্য সাইন-আপ করতে পারেন যা থ্রুওয়ে সংলগ্ন যানবাহনের সর্বশেষ অবস্থা সম্পর্কে এখানে তথ্য প্রদান করে।

পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation)

DEC পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, জরুরি ব্যবস্থাপনা কর্মী এবং আঞ্চলিক কর্মীরা সতর্ক রয়েছেন এবং পরিস্থিতি পর্যবেক্ষণ করছেন এবং গুরুতর আবহাওয়া দ্বারা প্রভাবিত হওয়া এলাকা ও অবকাঠামোগুলোতে সক্রিয়ভাবে টহল দিচ্ছেন।
কাঠুরে সহ সকল উপলব্ধ সম্পদ, যে কো জরুরি পরিস্থিতির মোকাবেলা করতে সহায়তা করার জন্য প্রস্তুত রয়েছে।

DEC জনবিরল গ্রাম্য এলাকার ব্যবহারকারীদের আবহাওয়ার কারণে তুষার ধসের পরিস্থিতি সম্পর্কে সচেতন এবং প্রস্তুত থাকার পরামর্শ দিচ্ছে যা স্লাইড বা খাড়াই, খোলা ভূখণ্ডে তুষারধসের ঝুঁকি বাড়াতে পারে। আরো তথ্য এখানে পাবেন।

DEC বৃহৎ পরিমাণে তুষার অপসারণ এবং নিষ্পত্তির জন্য দায়ী ব্যক্তিদের মনে করিয়ে দিচ্ছে যে তারা জলের মানকে লবণ, বালি, তেল, আবর্জনা এবং বরফের অন্যান্য ধ্বংসাবশেষের মতো দূষণকারীর দ্বারা প্রভাবিত হওয়ার সম্ভাবনা হ্রাস করতে সাহায্য করার জন্য সর্বোত্তম ব্যবস্থাপনার অনুশীলনগুলি যেন মেনে চলেন। আরো তথ্য এখানে পাবেন।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation)

নিউ ইয়র্ক স্টেট পার্ক পুলিশ এবং পার্কের পার্সোনেলরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি এবং তার পরিণামের উপর কড়া নজর রাখছেন। পার্কে গমনকারীদের parks.ny.gov ওয়েবসাইট চেক করা উচিত অথবা পার্কের সময়, খোলা ও বন্ধের ব্যাপারে সর্বশেষ তথ্যের জন্য তাদের স্থানীয় পার্ক অফিসে কল করা উচিত।

জনসেবা বিভাগ (Department of Public Service)

ঝড়টি মিড-হাডসন ও দক্ষিণপূর্ব রাজধানী অঞ্চলের এলাকাগুলোকে প্রভাবিত করা অব্যাহত রেখেছে যার ফলে এই অঞ্চলে, বিশেষ করে উলস্টার, ডাচেস, কলম্বিয়া, ও অরেঞ্জ কাউন্টিতে নতুন করে ক্ষয়ক্ষতি ও বিদ্যুৎ বিভ্রাট দেখা দিচ্ছে। এই ঝড়ের ফলে নতুন করে বিদ্যুৎ বিভ্রাট দেখা দেওয়ার এই সময়েও সেন্ট্রাল হাডসন ও NYSEG 9-1-1 কলগুলোতে সাড়া দিচ্ছে এবং যেখানে নিরাপদ অবস্থা রয়েছে সেখানে পড়ে যাওয়া বিদ্যুতের তার জরুরিভিত্তিতে মেরামতের জন্য কাজ করা ও পুনরুদ্ধার প্রচেষ্টা অব্যাহত রেখেছে। সেন্ট্রাল হাডসন 30 জন বাড়তি কন্ট্রাক্ট FTE-এর ব্যবস্থা করেছে যারা আজ বিকেলে এসে পৌঁছাবেন; এরা পাশ্ববর্তী ইউটিলিটিগুলো থেকে পারস্পরিক সহায়তার জন্য আসা 125 জন FTE-এর সঙ্গে যোগ হবেন।

স্টেটব্যাপী বিদ্যুৎ বিভ্রাটের শিকার হওয়া মোট গ্রাহকের সংখ্যা 48,500।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ

স্টেট পুলিশ পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে এবং প্রয়োজনমত অতিরিক্ত ট্রুপার নিয়োগের জন্য প্রস্তুত আছে। স্টেট পুলিশের সব ফোর-হুইল ড্রাইভ এবং বিশেষায়িত যানবাহন,

যেমন স্নোমোবাইল এবং ইউটিলিটি টেরেইন ভেহিকল, অবিলম্বে সাড়াদানের জন্য প্রস্তুত রয়েছে, এবং সকল জরুরি বিদ্যুৎ ও যোগাযোগের সরঞ্জাম পরীক্ষা করা হয়েছে।

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority, NYPA) / ক্যানাল কর্পোরেশন (Canal Corporation)

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority) এবং ক্যানেল কর্পোরেশন (Canal Corporation)-এর কর্মীরা সকল ফ্যাসিলিটি, সম্পদ ও সরঞ্জাম নিরাপদ ও প্রস্তুত রয়েছে বলে নিশ্চিত করতে প্রস্তুতি সম্পন্ন করছেন। প্রয়োজনে বিদ্যুৎ পুনরুদ্ধার কার্যক্রমকে সহায়তা করার জন্য বিদ্যুৎ কর্তৃপক্ষ প্রস্তুত।

মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি

মেট্রোপলিটন ট্রান্সপোর্ট অথরিটি (Metropolitan Transportation Authority, MTA) নিরাপদ, নির্ভরযোগ্য পরিষেবা নিশ্চিত করতে আবহাওয়ার অবস্থা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। লবণ ছড়াতে, প্ল্যাটফর্ম ও সিঁড়িগুলো তুষার ও বরফ থেকে মুক্ত রাখতে, এবং সিগনাল, সুইচ, ও থার্ড রেল কর্মক্ষম রাখার জন্য MTA এর কর্মীরা নিয়োজিত থাকবেন। MTA ব্রিজ ও টানেল (MTA Bridges and Tunnels) মোটরযান চালকদের গতি কমিয়ে গাড়ি চালাতে পরামর্শ দিচ্ছে। গ্রাহকদের পরিষেবার সর্বশেষ আপডেট জানতে new.mta.info দেখার জন্য, এবং সিস্টেম ব্যবহারের সময়ে সতর্কতা অবলম্বন করতে উৎসাহিত করা হচ্ছে। গ্রাহকদের টেক্সট বা ইমেইলের মাধ্যম রিয়েল টাইম সার্ভিস অ্যালার্টের জন্য সাইন আপ করা উচিৎ। MTA-এর অ্যাপগুলির মাধ্যমেও এই সতর্কতা পাওয়া যায়: MYmta, লং আইল্যান্ড রেলপথের ট্রেনের সময় এবং মেট্রো-নর্থ ট্রেনের সময়।

নিউ ইয়র্ক ও নিউ জার্সি বন্দর কর্তৃপক্ষ

পোর্ট অথরিটিও আবহাওয়া পরিস্থিতির উপর নজর রাখছে। ব্রিজ, সর্বোপরি রোডওয়ে বরাবর এবং ক্রসিংগুলিতে গতির উর্ধ্বসীমা বেঁধে দেওয়া হতে পারে। বিলম্ব এবং বাতিলকরণের ব্যাপারে সর্বশেষ তথ্যের জন্য ক্যারিয়ার এবং এয়ারলাইনের সাথে সরাসরি যোগাযোগ করতে পোর্ট অথরিটির ফেসিলিটি থেকে যাত্রীদের উৎসাহ দেওয়া হচ্ছে। পোর্ট অথোরিটির ফ্যাসিলিটিগুলো সম্পর্কে সর্বশেষ তথ্যের জন্য, অনুগ্রহ করে সোশ্যাল মিডিয়া চেক করুন, PA অ্যালার্ট-এর জন্য সাইন-আপ করুন অথবা PA মোবাইল অ্যাপগুলির মধ্যে একটি ডাউনলোড করুন, যেমন রাইড পাথ (RidePATH) যেটি পাথ (PATH) সার্ভিসের জন্য রিয়েল-টাইম আপডেট ও অ্যালার্ট প্রদান করে।

নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ

শীতকালীন ভ্রমণ

শীতকালীন ঝড়ের সময়ে সর্বাধিক নিহত ও আহত হওয়ার কারণ হলো পরিবহন দুর্ঘটনা। গাড়িতে চলাচল করার আগে আপনার যানবাহন বরফ ও তুষার থেকে মুক্ত আছে তা নিশ্চিত করে নিন; ভালোভাবে দৃষ্টিগোচর হওয়াটা ভালোভাবে গাড়ি চালানোর মূল চাবিকাঠি। আপনার থামার স্থানগুলো সম্পর্কে পরিকল্পনা করে রাখুন এবং গাড়িগুলোর মধ্যে আরো বেশি দূরত্ব রাখুন। অতিরিক্ত সতর্ক থাকুন এবং মনে রাখবেন যে তুষারকণা ছোট শিশুদেরকে আড়াল করে দিতে পারে। সবসময় সড়ক ও আবহাওয়ার অবস্থার সঙ্গে আপনার গতির মিল রাখুন।

সকল সড়কে চলাচলকারী গাড়ি চালকদের জন্য এটি জেনে রাখা গুরুত্বপূর্ণ যে স্নো-প্লাউগুলো ঘণ্টায় 35 মাইল গতিবেগে চলাচল করে, যা বহু ক্ষেত্রেই পোস্ট করা গতিসীমার চেয়ে কম হয়ে থাকে, যাতে ছিটিয়ে দেয়া লবণগুলো ড্রাইভিং লেনের মধ্যেই থাকে এবং সড়কপথের বাইরে ছিটকে না পড়ে। প্রায় ক্ষেত্রেই ইন্টারস্টেট হাইওয়েগুলোতে স্নো-প্লাউগুলো পাশাপাশি অবস্থান করে কাজ করে থাকে, কারণ এতে একাধিক লেন সর্বাধিক কার্যকর ও নিরাপদ উপায়ে পরিষ্কার করা যায়।

গাড়ি চালক ও পথচারীদেরকেও খেয়াল রাখতে হবে যে স্নো-প্লাউ চালকদের দৃষ্টিগোচরতা সীমিত থাকে, এবং স্নো-প্লাউ এর আকার ও ওজন সেটিকে দ্রুত সরানো ও বন্ধ করা কঠিন করে তুলতে পারে। তুষার-অপসারণ-যন্ত্রের পেছন থেকে বরফ ওড়ানো এর চালকদের দৃষ্টিশক্তি মারাত্মকভাবে হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। গাড়িচালকদের তুষার-অপসারণ-যন্ত্রকে পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা করা বা পেছন-পেছন যাওয়া অথবা খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। গাড়ি চালকদের জন্য গাড়ি চালানোর জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হলো স্নো-প্লাউ এর বেশ পিছনে যেখানে সড়কপথ পরিষ্কার রয়েছে ও লবণ ছিটানো হয়েছে।

নিরাপদে গাড়ি চালানোর জন্য কিছু গুরুত্বপূর্ণ পরামর্শের মধ্যে রয়েছে:

- শীতকালীন ঝড়ের সময়ে প্রয়োজন না হলে গাড়ি চালাবেন না।
- সেতুগুলোতে সতর্কতা অবলম্বন করুন কারণ সেখানে সড়কের তুলনায় অধিক দ্রুত বরফ জমে যায়।
- সড়কপথে পড়ে থাকা ভেজা পাতার ফলে পিচ্ছিল অবস্থা তৈরি হতে পারে, তাই পাতার স্তূপগুলো অতিক্রম করার সময় অপেক্ষাকৃত ধীর গতিতে গাড়ি চালানো গুরুত্বপূর্ণ।
- আপনার গাড়িতে কম্বল, একটি বেলচা, ফ্ল্যাশলাইট ও বাড়তি ব্যাটারি, বাড়তি গরম পোশাক, টায়ার চেইনের সেট, ব্যাটারি বুস্টার ক্যাবল, দ্রুত শক্তিদায়ক খাবার এবং বিপদ সংকেত দেয়ার জন্য ব্যবহারের উদ্দেশ্যে উজ্জ্বল রঙের কাপড়ের টুকরা রয়েছে তা নিশ্চিত করুন।
- গ্যাসোলিন জমে যাওয়া প্রতিরোধ করতে আপনার গ্যাস ট্যাঙ্ক পূর্ণ রাখুন।
- যদি আপনার ব্যবহারের জন্য সেল ফোন অথবা টু-ওয়ে রেডিও থাকে, তাহলে ব্যাটারিতে চার্জ দিয়ে রাখুন এবং ভ্রমণের সময় সেটি আপনার সঙ্গে রাখুন। যদি আপনি হারিয়ে যান, সাহায্যের জন্য কল করে উদ্ধারকারীদেরকে আপনার লোকেশন জানাতে পারবেন।
- আপনার ভ্রমণ পরিকল্পনা সম্পর্কে অন্য কাউকে জানিয়ে রাখতে ভুলবেন না।

- গাড়ি চালানোর সময়, যানবাহনগুলো বরফ ও তুষার থেকে দূরে রাখুন।
- থামার বিষয়টি পরিকল্পনায় রাখুন এবং গাড়িগুলোর মধ্যে দূরত্ব বজায় রাখুন। সবসময় সড়ক ও আবহাওয়ার অবস্থার সঙ্গে আপনার গতির মিল রাখুন।

বিদ্যুৎ বিভ্রাট

বিদ্যুৎ বিভ্রাট হলে নিউইয়র্কবাসীদের উচিৎ:

- এই ডিভাইসগুলিকে ক্ষতি করতে পারে এমন ক্ষণস্থায়ী শক্তির প্রবাহের ক্ষেত্রে প্রধান যন্ত্রপাতি এবং অন্যান্য সরঞ্জাম, যেমন, কম্পিউটারগুলি বন্ধ করুন বা সংযোগ বিচ্ছিন্ন করুন। একটি আলো চালু রাখুন যাতে কখন বিদ্যুৎ ফিরে আসে তা আপনি জানতে পারেন। আপনি যেখানে ইলেকট্রনিক সরঞ্জাম ব্যবহার করেন সেখানে সার্জ প্রোটেক্টর ব্যবহার করার কথা বিবেচনা করুন।
- আপনার ইউটিলিটি প্রদানকারীকে বিভ্রাটের বিষয়ে অবহিত করতে এবং অফিসিয়াল তথ্যের জন্য স্থানীয় সম্প্রচার শুনতে কল করুন। ইউটিলিটি সংস্থাগুলোর একটি তালিকা পেতে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিসে ভিজিট করুন।
- আপনার প্রতিবেশীদের বিদ্যুৎ আছে কিনা তা দেখুন। অ্যাক্সেস বা কার্যকরী প্রয়োজন আছে এমন লোকেদের খবর নিন।
- জরুরী আলোর জন্য শুধুমাত্র ফ্ল্যাশলাইট ব্যবহার করুন - মোমবাতিগুলি আগুন লাগার ঝুঁকি তৈরি করে।
- রেফ্রিজারেটর এবং ফ্রিজারের দরজা বন্ধ রাখুন - বেশিরভাগ খাবার যেগুলির হিমায়নের প্রয়োজন সেগুলি একটি বন্ধ রেফ্রিজারেটরে কিছু ঘন্টার জন্য নিরাপদে রাখা যেতে পারে। একটি না খোলা রেফ্রিজারেটর প্রায় চার (4) ঘন্টার জন্য খাবারকে ঠান্ডা রাখবে। একটি সম্পূর্ণ ফ্রিজার তাপমাত্রাকে প্রায় 48 ঘন্টা ধরে রাখবে।
- বাড়ির ভিতরে কাঠকয়লার গ্রিল ব্যবহার করবেন না এবং তাপের জন্য গ্যাসের চুলা ব্যবহার করবেন না - সেগুলি কার্বন মনোক্সাইডের ক্ষতিকারক মাত্রা ছাড়তে পারে।
- ঠান্ডা আবহাওয়ায়, স্তরে স্তরে পোশাক পরে এবং বাইরে কাটানো সময় কমিয়ে উষ্ণ থাকুন। ঠান্ডা চাপের উপসর্গ (অর্থাৎ, হাইপোথার্মিয়া) সম্পর্কে সচেতন থাকুন এবং উপসর্গ দেখা দিলে যথাযথ চিকিৎসা করান।
- আপনি যদি একটি উঁচু ভবনে থাকেন, তাহলে সিঁড়ি দিয়ে বিল্ডিংয়ের সর্বনিম্ন তলায় যান। লিফটে আটকে পরে থাকলে সাহায্যের জন্য অপেক্ষা করুন। জোর করে দরজা খোলার চেষ্টা করবেন না। ধৈর্য ধরুন - অনেক বাতাস রয়েছে এবং লিফটের ভিতরটি যাত্রীদের সুরক্ষার জন্য তৈরি করা হয়েছে।
- আপনার পোষা প্রাণীদের জন্য তাজা, শীতল জল প্রদান করার কথা মনে রাখুন।
- নিষ্প্রয়োজন যাতায়াত করবেন না, বিশেষ করে গাড়িতে। বিভ্রাটের সময় ট্র্যাফিক সিগন্যালগুলি কাজ করবে না, যার ফলে যানজট এবং বিপজ্জনক গাড়ি চালানোর অবস্থা তৈরি হবে। আপনাকে যদি ব্ল্যাকআউটের সময় গাড়ি চালাতেই হয়, 4-ওয়ে স্টপ নিয়ম মেনে কলার কথা মনে রাখুন কাজ-না-করা ট্র্যাফিক সিগন্যাল সহ মোড়গুলিতে।
- স্বয়ংক্রিয় টেলার মেশিনগুলির (ATM) মোট সরঞ্জাম এবং লিফটগুলি হয়তো কাজ করবে না।

নিরাপত্তা সংক্রান্ত আরো পরামর্শের জন্য নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস এর নিরাপত্তা পরামর্শ সংক্রান্ত ওয়েবপেইজ দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন